

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারী ১১, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আবগারী)
প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে মাঘ ১৩৯৭/১০ই ফেব্রুয়ারী ১৯৯১

এস, আর, ও নং ৬৬-আইন/৯০/২৬৫ আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর Section 12A (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থার ওদামসমূহে মজুদ ১,০০,০০০ (এক লক্ষ) মেট্রিক টন চিনির উপর আরোপনীয় আবগারী শুল্কের মতো যে পরিমাণ আবগারী শুল্ক ট্যারিফ মূল্যের শতকরা ১২.৫০ (সাত্বে বার) ভাগের অতিরিক্ত হয় সেই পরিমাণ আবগারী শুল্ক এতদধারা মওকুফ করিলেন।

২। এই প্রজ্ঞাপন অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৯৯-আইন/৯০/২৫৮-আবগারী, তারিখ ২৫শে আগষ্ট, ১৯৯০ তে উল্লেখিত ষাট হাজার টন চিনির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে
নুরুল হোসেইন খান
সচিব।

(৪৯১১)

সংখ্যা: ০০ পরমা

(উন্নয়ন সারচার্জ)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে মার্চ ১৩৯৭/১০ই ফেব্রুয়ারী ১৯৯১

এস, আর, ও নং ৬৭-আইন/১০/২৬৬-উস-অর্থ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ১৭ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের তৃতীয় তফসিলভুক্ত Excises and Salt Act, 1944 (I of 1944) এর FIRST SCHEDULE এর PART I এর আইটেম নম্বর 02'02 এর অধীন আবগারী পণ্য "Sugar" এর উপর আরোপনীয় উন্নয়ন সারচার্জের মধ্যে যে পরিমাণ উন্নয়ন সারচার্জ (একশত কিলোগ্রাম-পিছ) ২৭'৫০ টাকা-এর অতিরিক্ত হয় সেই পরিমাণ উন্নয়ন সারচার্জ এতদ্বারা মওকুফ করিলেন:

তবে শর্ত থাকে যে, এইরূপ মওকুফ শুধুমাত্র বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থার গুদামসমূহে মওজুদ ১,০০,০০০ (এক লক্ষ) মেট্রিক টন চিনির মধ্যে সীমাবদ্ধ থাকিবে।

২। এই প্রজ্ঞাপন অত্র বিভাগের প্রজ্ঞাপন নং ২৯৯-আইন/৯০/২৫৮-আবগারী, তারিখ ২৫শে আগষ্ট, ১৯৯০ তে উল্লিখিত ষাট হাজার টন চিনির ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

রাস্ত্রপতির আদেশক্রমে

মুজিব হোসেন খান
সচিব।